

19/10

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

দক্ষিণ নগর ভবন ১৪তলা (পূর্ব ব্লক), ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.dtca.gov.bd

স্মারক নং-৩৫.০২.০০০০.০১৬.৯৯.০০২.১৯-৭৭

তারিখ: ১৫ নভেম্বর ২০১৯ খ্রি:

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে ডিটিসিএ'র সমন্বয়ক কর্মপরিকল্পনা প্রেরণ।

সূত্র: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০২.১৯-১৪১০ তারিখ ২৬ সেপ্টেম্বর ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে ডিটিসিএ'র করণীয় বিষয়ক নিম্নবর্ণিত সমন্বয়ক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

০২। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রেরিত কার্যবিবরণীর ৩.৪ নং সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম:

ক্রম নং	মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের ক্রম নং	কর্মসূচির বিবরণ	কর্মসূচি বাস্তবায়নের তারিখ ও স্থান	বাস্তবায়নের দায়িত্বে
১	০১	ক) পুষ্পমালা অর্পণ: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল স্তরের কর্মচারীর অংশগ্রহণে বাংলাদেশ সচিবালয় হতে বর্ণাঢ্য শোভাযাত্রা সহকারে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে পুষ্পমালা অর্পণ।	১৭/০৩/২০২০ তারিখ মঙ্গলবার ধানমন্ডি ৩২ নম্বর	১। পরিচালক (প্রশাসন) ২। হিসাব ও অর্থ কর্মকর্তা ৩। সহকারী পরিচালক
		খ) ডিটিসিএ'তে দোয়া মাহফিল আয়োজন করতে হবে। পূর্বাচ্ছেই দোয়া মাহফিলের সময়সূচি নির্ধারণ করে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অবহিত করতে হবে।	১৭/০৩/২০২০ তারিখ মঙ্গলবার	
২	০২	মতিঝিল বাস ডিপো হতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের বাসযোগে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধি সমন্বয়ে টুঙ্গিপাড়ায় গমন এবং বঙ্গবন্ধুর মাজার জিয়ারত	২১/০৩/২০২০ তারিখে শনিবার টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত	১। ট্রাফিক ইঞ্জিনিয়ার ২। সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার ৩। সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)
৩	০৩	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল স্তরের কর্মচারীর অংশগ্রহণে এবং জাতির পিতার জীবন ও কর্মের বিষয়ে অভিজ্ঞ ও দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে মে/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০ পর্যন্ত এ বিভাগসহ এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার আলোচনা সভা আয়োজন করতে হবে। পূর্বাচ্ছেই সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অবহিত করতে হবে।	১৭/৭/২০২০ তারিখ শুক্রবার হওয়ায় ১৬/৭/২০২০ তারিখ বৃহস্পতিবার করা যেতে পারে।	১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট) ২। ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার ৩। সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার ৪। সহকারী ম্যাস ট্রানজিট প্লানার (বিআরটি)
৪	০৪	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল পর্যায়ের কর্মচারীর উপস্থিতি/অংশগ্রহণে দিনব্যাপী রক্তদান কর্মসূচি পালন।	১৮/০৪/২০২০ শনিবার সড়ক ও জনপথ অধিদপ্তর প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।	প্রশাসন শাখা

৫	০৬	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সন্তান-সন্ততিদের মধ্যে তিনটি ভিন্ন ক্যাটাগরিতে রচনা প্রতিযোগিতার আয়োজন পূর্বক ১৫/১১/২০২০ তারিখে বা সুবিধাজনক কোন তারিখে পুরস্কার প্রদান। রচনা প্রতিযোগিতার বিষয় নির্বাচন ও সরকারি ছুটির দিনে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে পরিকল্পনা গ্রহণ করতে হবে।	১৫/১১/২০২০ রবিবার বিআরটিএ সম্মেলন কক্ষ	১। হিসাব ও অর্থ কর্মকর্তা ২। সহকারী আরবান প্লানার ৩। নির্বাহী পরিচালক এর একান্ত সচিব
৬	০৯	জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের ২ টি শিক্ষা প্রতিষ্ঠানে ডিটিসিএ কর্তৃক সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিত করণ কর্মসূচি পরিচালনা।	১৭/০৩/২০২০ হতে বছরব্যাপী	১। অতিরিক্ত নির্বাহী পরিচালক(টিএমপিটিআই) ২। ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার ৩। সহকারী ম্যাস ট্রানজিট প্লানার (বিআরটি) ৪। সহকারী আর্কিটেক্ট ৫। সহকারী আরবান প্লানার
০৭	১৫	বিআরটিএ ও ডিটিসিএ কর্তৃক ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সংযোগস্থলসমূহে এবং সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ঢাকার বাইরে ১০টি গুরুত্বপূর্ণ স্থানে সড়ক নিরাপত্তা, সচেতনতা সৃষ্টি, ট্রাফিক আইন মেনে চলা ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কর্তৃক বছরব্যাপী বিশেষ প্রচারণা ও কর্মসূচি পালন।	১৭/০৩/২০২০ হতে বছরব্যাপী	১। অতিরিক্ত নির্বাহী পরিচালক(ম্যাস ট্রানজিট) ২। পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার, ৩। সহকারী আর্কিটেক্ট ৪। সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)

০৩। ডিটিসিএ'র নিজ উদ্যোগে গৃহীত কার্যক্রম:

ক্রম নং	কর্মসূচির বিবরণ	কর্মসূচি বাস্তবায়নের তারিখ ও স্থান	বাস্তবায়নের দায়িত্বে
১	ডিটিসিএ'র লাইব্রেরীতে একটি আলমিরায় বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত বই ক্রয় করে তা রাখার ব্যবস্থা করা	জুলাই হতে অক্টোবর/২০২০	১। পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার ২। হিসাব ও অর্থ কর্মকর্তা ৩। সহকারী জিআইএস এনালিস্ট ৪। সহকারী আরবান প্লানার
২	'বঙ্গবন্ধু উন্নয়ন ভাবনা -গণপরিবহন প্রেক্ষিত' বিষয় কর্মশালা আয়োজন	১৭ আগস্ট ২০২০	১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট) ২। ট্রাফিক ইঞ্জিনিয়ার, ৩। সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার, ৪। সহকারী ম্যাস ট্রানজিট প্লানার (বিআরটি)

মোঃ জাকির হোসেন মজুমদার
অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি)
ফোন: ৯৫৬৮৮৩১

সচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃষ্টি আকর্ষণ: মোহাঃ লিয়াকত আলী খান, সহকারী সচিব)

অনুলিপি:

০১। পরিচালক (প্রশাসন), ডিটিসিএ।

০২। পিএস টু নির্বাহী পরিচালক, ডিটিসিএ (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। অফিস কপি/মাস্টার ফাইল।